68

তারিখ ... 03 AUG 1997 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৮ ......

দৈনিক বাংলা

ভার্সিটির চত্বরে বৃক্ষরোপণ

## ফুলের গন্ধে বারুদের গন্ধ হারিয়েও যেতে পারে ঃ সাজেদা

পরিবেশ ও বনমন্ত্রী সৈয়দা সাজেদ চৌধুরী শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় চত্বরে গাছের চারা রোপণের মাধ্যমে স্থানীয় বৃক্ষরোপণ কর্মসূচীর উদ্বোধন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় বৃক্ষরোপণ কমিটি আয়োজিত এ অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এ কে আজাদ চৌধুরী ও প্রোভিসি অধ্যাপক শহীদউদ্দীন উপস্থিত ছিলেন।

জাতীয় বৃক্ষরোপণ অভিযানের অংশ হিসাবে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বন বিভাগের সহযোগিতায় এ কর্মসূচী গ্রহণ করেছে। খবর তথ্য বিবরণীর।

অনুষ্ঠানে পরিবেশমন্ত্রী পরিকল্পিতভাবে বৃক্ষরোপণ ও তার সংরক্ষণের মাধ্যমে পরিবেশের অবক্ষয়রোধ, জীববৈচিত্র সংরক্ষণ ও দারিদ্র্য দূরীকরণে দেশের শিক্ষিত জনগোষ্ঠী অত্যন্ত মূল্যবান ভূমিকা পালন করতে পারে বলে মত ব্যক্ত করেন।

প্রাকৃতিক সৌন্দর্য বর্ধনে বৃক্ষের অপরিসীম গুরুত্বের কথা উল্লেখ করে পরিবেশ মন্ত্রী বলেন, দেশের সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকাটি ছাত্র, শিক্ষক ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সম্মিলিত প্রচেষ্টায় সবুজের সমারোহে ভরপুর হয়ে উঠতে পারে। তিনি বলেন, সৌন্দর্যময় পরিবেশে ফুলের গন্ধে হারিয়ে যেতে পারে বারুদের গন্ধ এবং সেটাই হয়ে উঠুক আমাদের সকলের ঐকান্তিক কামনা।